আলমডাঙ্গার বাড়াদি ইউনিয়ন পরিষদ নির্বাচনে মাসুম বিল্লাহর গণসংযোগ

আলমডাঙ্গার বাড়াদি ইউনিয়ন পরিষদ নির্বাচনকে ঘিরে তরুন ছাত্রলীগ নেতা মাসুম বিল্লাহ গণসংযোগ করেছে। শনিবার বাড়াদি ইউনিয়নের নতিডাঙ্গা, পোলতাডাঙ্গা, গোপালনগর, গোয়ালবাড়িসহ বিভিন্ন গ্রামে নির্বাচনি গণসংযোগ করেছেন। এ সময় আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে তাদের নিকট দোয়া কামণা করেন।

গণসংযোগকালীন সময়ে মাসুম বিল্লাহ বলেন, আসন্ন বাড়াদি ইউনিয়ন পরিষদের নির্বাচন। আমি বাড়াদি ইউনিয়ন আওয়ামীলীগের সাবেক সভাপতি মরহুম আব্দুর রাজ্জাকের ভাতিজা। চাচা অনুপ্রেরণায় আওয়ামীলীগের প্রার্থী হিসাবে নৌকা প্রতিক নিয়ে নির্বাচন মাঠে আসতে চায়।

এই অবহেলিত বাড়াদি ইউনিয়ন বাসীর বিভিন্ন উন্নয়ন কাজের সাথে সম্পৃক্ততা থেকে মানুষের সুখ দুঃখে পাশে থাকতে পারি। আমি তরুন ছাত্র নেতা থেকেই ইউনিয়ন পরিষদের নির্বাচনে অংশগ্রহণ করছি। আপনারা আমার সাথে থাকবেন এবং দোয়া রাখবেন।

গণসংযোগে উপস্থিত ছিলেন বাড়াদী ইউনিয়ন ৮ ওয়াড আওয়ামীলিগের সভাপতি আব্দুল হান্নান মন্ডল, ইউনিয়ন কৃষক লীগের সাধারণ সম্পাদক আনুছদ্দিন, আজিবার রহমান, জনি, হাবি, হুমায়ূন, রাসেল, লিমন, বীর মুক্তিযোদ্ধা শুকুর আলি, রেজাউল হক, হোসেন আলি, ইকবাল মেম্বার(সাবেক), আব্দুল মজিদ, ৩নং ওয়াড আওয়ামীলিগের সভাপতি রেজাউল হক মেম্বার, ৪ নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি খাজা, ইউনুচ আলি, রমজান,জুয়েল,জামাল হোসেন,কুদ্দুস,আনারুল, ৮ নং ওয়াড সাধারন সম্পাদক হালিম মুন্সি, হালিম, সিদ্দিক, ৫ ওয়াড আওয়ামিলীগ সভাপতি আশাব্লু হক, বাবলু মেম্বার(সাবেক),লিউন, রানা, বদর,সাইফুল, মানোয়ার,আকতার, হোসেন, লিজন,শামীম,আরিফ, মজিদ, মিজান, মতিয়ার, শিপন, রকি, রতন, প্রমূখ।

জীবননগরে গৃহবধুকে কুপিয়ে রক্তাক্ত জখম! থানায় অভিযোগ দায়ের

জীবননগর উপজেলার রায়পুর ইউনিয়নের কৃষ্টপুর স্কুলপাড়ায় ছাগলে মাঠের ক্ষেত খাওয়াকে কেন্দ্র করে দেশিও হেসো দিয়ে ছাগলের একটি পা কেটে দিয়েছে প্রতিপক্ষ।

এঘটনায় প্রতিবাদ করায় ছাগলে মালিকের স্ত্রীকে মাথায় কোপ মেরে রক্তাক্ত জখম করার অভিযোগ উঠেছে একই পাড়ার রকির বিরুদ্ধে। এবিষয়ে বিচারের আশায় জীবননগর থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেছেন ভুক্তভুগী পরিবার ।

অভিযোগ সুত্রে জানা গেছে জীবননগর উপজেলার রায়পুর ইউনিয়নের কৃষ্টপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় পাড়ার আবুল কাশেম মন্ডলের ছেলে দিন মজুরি আলম হোসেন (৪০) বলেন, গত গত শুক্রবার বিকালে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পেছোনে অভিযুক্ত আব্দুলের জমির ক্ষেতে আমার ছাগল দেখত পায় তার ছেলে রকি (২৪) ।

রকি কিছু সময় পর বাড়ী থেকে একটি দেশিও অস্ত্র হেসো দিয়ে আমার গর্ভবর্তী ধাড়ী ছাগলকে তাবড়ীয়ে ধরে হেসো দিয়ে এক কোপ দিয়ে ছাগলে একটি পা কেটে ফেলে ।

এবিষয়ে খবর পেয়ে আমার স্ত্রী মাহফুজা খাতুন (৩৫) ছাগলের পায়ের কোপ মারার প্রতিবাদ করলে এসময় রকি ক্ষিপ্ত হয়ে হাতে থাকা হেসো দিয়ে মাহফুজা খাতুনের মাথায় কোপ মারেন । তাহার মাথায় সাতটি সেলায় দেয়া হয়েছে।

এসময় রক্তাক্ত ছাগলটি ও মাহফুজা খাতুনকে স্থানীয়ারা উদ্ধার করে জীবননগন হাসপাতালে ভর্তি করেন। স্থানীও ভাবে মিমাংস করা কথা হলোও এখনো পযর্ন্ত কোনো সুরাহ না হওয়ায় জীবননগর থানায় একটি অভিযোগ দায়ের করেছি।

বাল্য বিয়ে: কালীগঞ্জে বর-কনে পক্ষকে ১ লক্ষ টাকা জরিমানা

বিয়ের সকল প্রস্তুতি সম্পন্ন। কিছুক্ষণ পরেই গাড়িতে উঠিয়ে নিয়ে যাওয়া হবে ৯ম শ্রেণিতে পড়ুয়া স্কুলছাত্রীকে। এরই মধ্যে ম্যাজিস্ট্রেটের হানা। কনের বিয়ের বয়স না হওয়ায় বর ও কনের অভিভাবককে করা হয় ১ লক্ষ টাকা জরিমানা।

ঘটনাটি ঘটেছে শুক্রবার বিকেল সাড়ে ৫ টার দিকে ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার হাসানহাটি গ্রামে। এ সময় ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন সহকারী কমিশনার (ভূমি) ভূপালী সরকার।

কালীগঞ্জ উপজেলার সহকারী কমিশনার (ভূমি) ভূপালী সরকার জানান, গোপন সংবাদের ভিত্তিতে উপজেলার হাসানহাটি গ্রামের আক্তার আলীর স্কুল পড়ুয়া মেয়েকে বিয়ে দেওয়ার আয়োজনের খবর পাওয়া যায়।

পরে সেখানে অভিযান চালিয়ে বয়স কম হওয়ায় বর জীবননগর উপজেলার সবুজ মিয়াকে ৫০ হাজার ও মেয়ের বাবাকে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়। জনস্বার্থে বাল্য বিবাহ প্রতিরোধে অভিযান অব্যাহত থাকবে বলেও জানান তিনি।

আলমডাঙ্গা প্রেসক্লাবের সাংবাদিকদের সাথে নবাগত অফিসার ইনচার্জের মতবিনিময়

আলমডাঙ্গা থানার নবাগত অফিসার ইনচার্জ সাইফুল ইসলাম সাংবাদিকদের সাথে মতবিনিময় করেছেন। শুক্রবার বিকেলে ওসির রুমে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। মত বিনিময় সভায় অফিসার ইনচার্জ সাইফুল ইসলাম বলেন,এলাকার আইন শৃঙ্খলার উন্নয়নে পুলিশের পাশাপাশি সাংবাদিকদেরও ভুমিকা আছে।

আজকে এই মত বিনিময় সভায় আপনাদের বক্তব্যের মাঝে অনেক কথা উঠে এসেছে। আপনারা মাদক, বাল্যবিয়ে,ইভটিজিং, আত্মহত্যাসহ অনেক বিষয়ে কথা বলেছেন। আমরা মাদকের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করবো। বাল্যবিয়ে আত্মহত্যার বিষয়ে সেমিনারের মাধ্যমে মানুষকে সচেতন করতে কাজ শুরু করবো।

যে কোন তথ্য আপনাদের জানা থাকলে আমাকে জানাবেন। আলমডাঙ্গা থানাকে অপরাধ মুক্ত রাখতে সকলের সহযোগিতা নিয়ে সর্বাত্মক চেস্টা করবো। আপনারাও আমাকে সহযোগিতা করবেন।

মতবিনিময় উপস্থিত ছিলেন আলমডাঙ্গা থানার ওসি তদন্ত (অপারেশন) শেখ মাহবুবুর রহমান, আলমডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু,, সাধারণ সম্পাদক খ,হামিদুল ইসলাম আজম,যুগ্ম সম্পাদক প্রশান্ত বিশ্বাস, সহ- সভাপতি শেখ শফিউদ্দিন, সহ সভাপতি জামসিদুল হক মুনি,ইউনুছ আলী মন্ডল,শরিফুল ইসলাম।

এ সময় আরও উপস্থিত ছিলেন-আলমডাঙ্গা প্রেসক্লাবের সহ সম্পাদক রুনু খন্দকার,কে এ মান্নান,অনিক সাইফুল,তানভীর আহম্মেদ সোহেল,আতিক হাসান,কাইরুল মামুন,গোলাম সরোয়ার সদু,সোহেল হুদা মনাহিদ হাসান, নাসির উদ্দিন, ডাবলু, সোহাগ, হাসন মালিক, গিটার প্রমুখ।

চুয়াডাঙ্গায় ২ দিনের ব্যাবধানে ৫ থানার ওসিকে রদবদল

চুয়াডাঙ্গা জেলার ৫টি থানায় ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রদবদল করা হয়েছে। গত দুদিনের ব্যবধানে ৫টি থানায় ৫ জন ওসিকে বদলি ও সংযুক্ত করা হয়েছে। একবারে ৫ থানার ওসিকে রদবদল ঘটানাটি বিরল হয়ে থাকবে চুয়াডাঙ্গা জেলা বাসির কাছে।

এর মধ্যে চুয়াডাঙ্গা সদর থানায় মোহাম্মদ মহসীন, দামুড়হুদা থানায় ফেরদৌস ওয়াহিদ, দর্শনা থানায় লুৎফুল কবীর, জীববনগর থানায় আব্দুল খালেক ও আলমডাঙ্গা থানায় সাইফুল ইসলাম ওসি হিসেবে দায়িত্ব পেয়েছেন। এর মধ্যে চুয়াডাঙ্গার সদর থানার মোহাম্মদ মহসীন জেলায়

নতুন সংযুক্ত হয়েছেন।

এর আগে তিনি চট্টগ্রাম রেঞ্জের ডাবলমুরিং থানার ওসি হিসেবে কর্মরত ছিলেন। বুধবার (২২ সেপ্টেম্বর) তিনি দায়িত্বভার করবেন বলে জানা গেছে।

আর চুয়াডাঙ্গা সদর থানার ওসি আবু জিহাদ ফকরুল আলম খান বর্তমানে জেলা পুলিশেই রয়েছেন।

অপরদিকে দামুড়হুদা থানায় ফেরদৌস ওয়াহিদকে নতুন ওসি হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছে।

তিনি জীবননগর থানায় পরিদর্শক (তদন্ত) হিসেবে কর্মরত ছিলেন। আর দামুড়হুদা থানার ওসি আব্দুল খালেককে জীবননগর থানার ওসি হিসেবে বদলি করা হয়েছে।

দর্শনা থানায় ওসি হিসেবে জেলা গোয়েন্দা শাখার ওসি (ডিবি) লুৎফুল কবীরকে দায়িত্ব দেওয়া হয়েছে। দর্শনা থানার ওসি মাহাব্বুর রহমানকে জেলা গোয়েন্দা শাখায় সংযুক্ত করা হয়েছে। জীবননগর থানায় নতুন ওসি হয়েছেন আব্দুল খালেক। তিনি দামুড়হুদা থানার ওসি ছিলেন। আর জীবননগর থানার সাইফুল ইসলাম ওসি হিসেবে আলমডাঙ্গা থানায় যোগদান করেছেন। আলমডাঙ্গা থানার ওসি আলমগীর কবীরকে জেলা বিশেষ শাখায় সংযুক্ত করা হয়েছে।

একইসঙ্গে ৫ থানার ওসি হিসেবে রদবদল হওয়ায় ৪ জনই আগে থেকেই জেলায় কর্মরত আছেন। আর নতুন ওসি হিসেবে একজন জেলায় যোগ দিয়েছেন।

এ ব্যাপারে চুয়াডাঙ্গার পুলিশ সুপার জাহিদুল ইসলাম জানান, এটি নিয়মিত প্রক্রিয়ার অংশ। বদলির সময়পূর্ণ হওয়ায় একইসঙ্গে জেলার ৫ থানায় এমন রদবদলের ঘটনা।

আলমডাঙ্গায় যাত্রীবাহী বাসের

ধাক্কায় আলমসাধু চালকসহ ৫ জন গুরুত্বর আহত

যাত্রীবাহী বাসের ধাক্কায় আলমসাধুর ড্রাইভারসহ ৫ জন গুরুত্বর আহত হয়েছে। মঙ্গলবার সকাল ১১ টার দিকে পৌর এলাকার উত্তরা তেলপাম্পের নিকট এ দুর্ঘটনাটি ঘটে। এ ঘটনায় স্থানীয়রা উদ্ধার করে আলমডাঙ্গার একটি প্রাইভেট হাসপাতালে ভর্তি করা।

জানাগেছে, আলমডাঙ্গার পৌর এলাকার এরশাদপুর গ্রামের সমসের আলির ছেলে জাহাঙ্গীর আলম আলমসাধু ড্রাইভার চুয়াডাঙ্গা থেকে যাত্রী নিয়ে আসছিলো। এসময় আলমডাঙ্গার গোবিন্দপুর মাঠপাড়ার নিকট পৌঁছালে চুয়াডাঙ্গা থেকে ছেড়ে আসা যাত্রীবাহী বাস আলমসাধু গাড়িতে ধাক্কা মারে।

নিয়ন্ত্রণ হারিয়ে সকলে রাস্তার উপরে ছিটকে পড়ে। এতে ভবানীপুর গ্রামের নাসিরের ছেলে সামিম, মোচাইনগর গ্রামের উকিল উদ্দিনের মেয়ে মহিমা খাতুন, আব্দুল খালেকে ছেলে সাব্বির সহ ৫ জন গুরুত্বর আহত হয়।

স্থানীয়রা উদ্ধার করে একটি ক্লিনিকে ভর্তি করে। এ দুর্ঘটনায় আলমসাধু গাড়ির ড্রাইভার জাহাঙ্গীর আলম ও সামিমের অবস্থা আশংকা জনক হওয়ায় কুষ্টিয়া জেনারেল হাসপাতালে রেফার্ড করা হয়।

আলমডাঙ্গায় লিটন চানাচুরকে ৫০ হাজার টাকা জরিমানা

আলমডাঙ্গায় নোংরা পরিবেশ ও অস্বাস্থ্যকর প্রক্রিয়ায় প্যাকেটজাত চানাচুর তৈরির অপরাধে লিটন চানাচুর ফ্যাক্টরি মালিককে ৫০ হাজার টাকা জরিমানা করেছে জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর ।

মঙ্গলবার বেলা ১২ টার দিকে বেলগাছির ফরিদপুর বাজারে অবস্থিত মেসার্স লিটন চানাচুর মালিককে এ জরিমানা করে।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার বেলগাছি ইউনিয়নের ফরিদপুর গ্রামে অবস্থিত মেসার্স লিটন চানাচুর ফ্যাক্টরি। এ ফ্যাক্টরি বিএসটিআই কর্তৃক অনুমোদিত। গত কয়েক যুগ ধরে এ ফ্যাক্টরিতে বিভিন্ন প্যাকেটে ছোট-বড় চানাচুর তৈরি করা হয়।

লিটন চানাচুর আলমডাঙ্গা উপজেলাসহ জেলার বিভিন্ন অঞ্চলে মুখরুচি খাদ্য হিসাবে বেশ পরিচিতি লাভ করেন। এ সুযোগে মেসার্স লিটন চানাচুর ফ্যাক্টরির বিরুদ্ধে নোংরা পরিবেশ ও অস্বাস্থ্যকর প্রক্রিয়ায় প্যাকেটজাত করে আসছে।

এমন অভিযোগের ভিত্তিতে জেলা ভোক্তা অধিকার অধিদপ্তর অভিযান চালিয়ে গত ২০২০ সালে ৪৪ হাজার টাকা জরিমানা করে। এমন অভিযোগের ভিত্তিতে আবারো গতকাল মঙ্গলবার বেলা ১২টার দিকে জেলা ভোক্তা সংরক্ষণ অধিদপ্তর অভিযান পরিচালনা করেন।

অভিযানে নোংরা পরিবেশ ও অস্বাস্থ্যকর পরিবেশে খাবার তৈরির অপরাধে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়। এ অভিযান পরিচালনা করেন জেলা ভোক্তা অধিকার অধিদপ্তরের সহকারি পরিচালক সজল আহমেদ।

আলমডাঙ্গায় অফিসার্স ক্লাবে আয়োজনে ওসিকে বিদায় সংবর্ধনা

আলমডাঙ্গা অফিসার্স ওয়ের ফেয়ার ক্লাবের আয়োজনে অফিসার ইনচার্জ আলমগীর কবীরের বিদায় সংবর্ধনা দেওয়া হয়েছে। গতকাল সোমবার বিকাল ৪টার সময় উপজেলা পরিষদের হল রুমে বিদায় সংবর্দনা দেওয়া হয়। তাকে চুয়াডাঙ্গা জেলা পুলিশের বিশেষ শাখা (ডিএসবি) তে বদলী করা হয়েছে।

নতুন অফিসার ইনচার্জ হিসেবে যোগদান করবেন জীবন নগর থানার অফিসার ইনচার্জ সাইফুল ইসলাম ।

দীর্ঘ প্রায় ১৮ মাসে অফিসার ইনচার্জ হিসেবে দায়িত্ব পালন করেছেন। সম্প্রতি তাকে চুয়াডাঙ্গা জেলা পুলিশের বিশেষ শাখা(ডিএসবি)তে বদলি করা হয়েছে।

বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নূরের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন।

বিশেষ অতিথি ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান অ্যাড. সালমুন আহমেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, বিদায়ী অফিসার ইনচার্জ আলমগীর কবীর, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. হাদী জিয়া উদ্দিন আহমেদ সাঈদ, উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডা. আব্দুল্লাহিল কাফি।

কৃষি সম্প্রসারণ কর্মকর্তা সোহেল রানার উপস্থাপনায় উপস্থিত ছিলেন সমবায় অফিসার মুজিবুর রহমান, আলমডাঙ্গার আবাসিক প্রকৌশলী হাবিবুর রহমান, জনস্বাস্থ্য প্রকৌশলী হাসিবুজ্জামান, সমাজ সেবা অফিসার নাজমুল হোসেন, মৎস্য সম্প্রসারন কর্মকর্তা আব্দুল মালেক প্রমুখ।

দ্বিতীয় সন্তানের বাবা হলেন সাংবাদিক বাদল

দ্বিতীয় বারের মত সন্তানের বাবা হলেন সাংবাদিক দর্শনা আজিমপুরের আফজালুল হক বাদল। সোমবার সকাল ১০ টায় দর্শনার একটি ক্লিনিকে সিজারিয়ানের মাধ্যমে কন্যা সন্তানের জন্ম হয়।

এ সন্তানের জন্ম হওয়ায় দ্বিতীয় বারের মত দ্বিতীয় কন্যা সন্তানের বাবা হলেন চ্যানেল এস এর জেলা প্রতিনিধি এবং মেহেরপুর প্রতিদিন প্রত্রিকার দর্শনা প্রতিনিধি সাংবাদিক আফজালুল হক বাদল।

বাদল জানায়, তার নবজাতক কন্যা ও স্ত্রী মিতুয়ারা আল্লাহর রহমতে দু’জনেই সুস্থ আছেন।

তিনি পরিবারের নতুন অতিথি এবং পরিবারের সকলের জন্য দোয়া চেয়েছেন।

চুয়াডাঙ্গায় করোনা আক্রান্ত ৭

চুয়াডাঙ্গায় সোমবার করোনা আক্রান্ত হয়েছেন আরও ৭ জন। চুয়াডাঙ্গায় করোনায় কমেছে মৃত্যুহার। চুয়াডাঙ্গায় মোট ২০৯ জন মৃত্যুবরণ করেছে এরমধ্যে চুয়াডাঙ্গায় করোনায় মারা গেছেন ১৮৯ জন এবং জেলার বাইরে ২০ জন।

নতুন করে ৭ জন করোনা আক্রান্ত হয়েছেন।এই নিয়ে জেলায় মোট আক্রান্তের সংখ্যা দাঁড়াল ৬ হাজার ৮৫৮ জনে। চুয়াডাঙ্গা স্বাস্থ্য বিভাগ সোমবার ৪৯ জনের নমুনা সংগ্রহ করেছে।

এই নিয়ে জেলায় মোট নমুনা সংগ্রহ দাঁড়িয়েছে ২৭ হাজার ৩৯৪ জন।এ দিকে ৮৬ জনের এর নমুনা পরীক্ষা রিপোর্ট পাওয়া গেছে এই নিয়ে জেলায় মোট ২৮ হাজার ৬৪৩ জনের নমুনা পরীক্ষা রিপোর্ট পাওয়া গেছে।

এ সময় ৭ জনের করোনা শনাক্ত হয়েছে এই নিয়ে জেলায় মোট করোনা আক্রান্তের সংখ্যা দাঁড়াল ৬ হাজার ৮৫৮ জনে। সোমবার কোনো করোনা রোগী সুস্থ হয়নি ।

এ নিয়ে জেলায় মোট সুস্থ হয়েছেন ৬ হাজার ৫১৪ জন।বর্তমানে সক্রিয় রোগীর মধ্যে হাসপাতালে রয়েছেন ১২ জন আর বাড়িতে আছেন ১২৩ জন। নতুন যে ৭ জন করোনা শনাক্ত হয়েছেন তার মধ্যে চুয়াডাঙ্গা সদর উপজেলায় ৫ জন আলমডাঙ্গায় উপজেলায় ১ জন এবং দামুড়হুদায় উপজেলায় ১ জন।

চুয়াডাঙ্গা সিভিল সার্জন ডা. এ এস এম মারুফ হাসান আরো বলেন, চুয়াডাঙ্গায় এ পর্যন্ত ৮৮ জন স্বাস্থ্যকর্মী করোনা আক্রান্ত হয়েছেন এর মধ্যে ৮৭ জন সুস্থ হয়েছেন। গত এক সপ্তাহে চুয়াডাঙ্গা করোনা আক্রান্ত রোগীর সংখ্যা শতকরা ৪.৩৮ শতাংশ।